গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা।

নথি নং- ০৮.০১.০০০০.০৬৮.২১.০০২.১৫/৩৮০(২১)

তারিখঃ ১৯ কার্তিক, ১৪২৬ বঙ্গাব্দ
০৪ নভেম্বর, ২০১৯ খ্রিস্টাব্দ

**বিষয়ঃ পলিইথিলিনের তৈরি সকল ধরনের পলিথিন ব্যাগ, প্লাস্টিক ব্যাগ (ওভেন প্লাস্টিক ব্যাগসহ) ও মোড়ক সামগ্রীর উপর সম্পূরক শুল্ক আদায় সংক্রান্ত দিক-নির্দেশনা।**

সূত্রঃ (১) মেসার্স ট্রাইসপ্যাক লিঃ এর পত্র নং- TPL-০৪৪/পি০৩৩/২০১৯, তারিখঃ ২৪ জুন, ২০১৯ খ্রিস্টাব্দ।
(২) মেসার্স আরবাব পলিপ্যাক লিঃ এর পত্র নং- এপিপিএল/জা রা বো-১৯/১৯৩, তারিখঃ ১৮ এপ্রিল, ২০১৯ খ্রিস্টাব্দ।
(৩) মেসার্স প্রিমিয়াফ্লেক্স প্লাস্টিকস লিঃ এর ১৮ ডিসেম্বর, ২০১৮ খ্রিস্টাব্দ তারিখের পত্র।
(৪) বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন এর পত্র নং- ৩৬.০৯১.০২৫.০১.০১.০০০০.২০১৮.৩৭৫, তারিখঃ ১৭ অক্টোবর, ২০১৮ খ্রিস্টাব্দ।
(৫) মেসার্স বোম্বে সুইটস এন্ড কোং লিঃ এর পত্র নং- BSCL-২৬৫/পি৩৫৭৫/২০১৮, তারিখঃ ০৩ অক্টোবর, ২০১৮ খ্রিস্টাব্দ।
(৬) মেসার্স ইউনিক সিমেন্ট ফাইবার ইন্ডাঃ লিঃ এর পত্র নং- ইউ.সি.এফ/১০.৪০/২০১৬/১৬৭৪, তারিখঃ ২৯ আগস্ট, ২০১৮ খ্রিস্টাব্দ।
(৭) মেসার্স গ্লোবাল এডি স্টার ব্যাগ ইন্ডাষ্ট্রিজ লিঃ পত্র নং- জি.বি.এস/১০.৩০/২০১০/১৬৭৫, তারিখঃ ২৯ আগস্ট, ২০১৮ খ্রিস্টাব্দ।
(৮) মেসার্স টেকনো ইকোনোমি লিঃ এর পত্র নং- টিইএল/সম্পূরক শুল্ক/২০১৮-২০১৯/০১, তারিখঃ ২৯ আগস্ট, ২০১৮ খ্রিস্টাব্দ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রসমূহের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, সূত্রোক্ত পত্রসমূহের মাধ্যমে এইচ.এস.হেডিং নং- ৩৯.২৩ সংশ্লিষ্ট এইচ.এস.কোডভুক্ত পলিইথিলিনের তৈরি সকল ধরনের পলিথিন ব্যাগ, প্লাস্টিক ব্যাগ (ওভেন প্লাস্টিক ব্যাগসহ) ও মোড়ক সামগ্রীর উপর উৎপাদন পর্যায়ে প্রযোজ্য ৫ শতাংশ সম্পূরক শুল্ক আরোপ নিয়ে মাঠপর্যায়ে জটিলতা সৃষ্টি হচ্ছে মর্মে উল্লেখপূর্বক এ বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ডের নির্দেশনা কামনা করা হয়েছে।

০২। পত্রসমূহ ও সংশ্লিষ্ট আইনি বিধি-বিধান পর্যালোচনা করা হলো। পর্যালোচনায় দেখা যায়, মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর আওতায় এস.আর.ও নং- ১৭২-আইন/২০১৮/৭৯৫-মূসক, তারিখ: ০৭ জুন, ২০১৮ খ্রিস্টাব্দ এর মাধ্যমে এইচ.এস.হেডিং নং- ৩৯.২৩ সংশ্লিষ্ট এইচ.এস কোডভুক্ত পলিইথিলিনের তৈরি সকল ধরনের পলিথিন ব্যাগ, প্লাস্টিক ব্যাগ (ওভেন প্লাস্টিক ব্যাগসহ) ও মোড়ক সামগ্রীর উপর উৎপাদন পর্যায়ে প্রযোজ্য ৫ শতাংশ সম্পূরক শুল্ক আরোপ করা হয়। পরবর্তীতে ২০১৯-২০ অর্থবছরের বাজেটে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর দ্বিতীয় তফসিলের মাধ্যমে ৩৯.২৩ এর সংশ্লিষ্ট এইচ.এস কোডভুক্ত পলিইথিলিনের তৈরি সকল ধরনের পলিথিন ব্যাগ, প্লাস্টিক ব্যাগ (ওভেন প্লাস্টিক ব্যাগসহ) ও মোড়ক সামগ্রীর উপর উৎপাদন পর্যায়ে প্রযোজ্য ৫ শতাংশ সম্পূরক শুল্ক বহাল রাখা হয়। মূলত পলিইথিলিনের পরিবর্তে পরিবেশ বান্ধব পাটজাত পণ্যের বাজার সম্প্রসারণের বিষয়টি বিবেচনা করে উক্ত কার্যক্রম গ্রহণ করা হয়েছিল।

০৩। অতএব, কোন প্রতিষ্ঠান কর্তৃক এইচ.এস. হেডিং নং-৩৯.২৩ এর অধীন পলিথিন ব্যাগ, প্লাস্টিক ব্যাগ (ওভেন প্লাস্টিক ব্যাগসহ) ও মোড়ক সামগ্রী উৎপাদন করলে ও তন্মধ্যে পলিইথিলিন বা প্লাস্টিক থাকলেই মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর দ্বিতীয় তফসিল অনুযায়ী উৎপাদন পর্যায়ে ৫ শতাংশ সম্পূরক শুল্ক প্রযোজ্য হবে। তাই, এক্ষেত্রে সম্পূরক শুল্ক আদায়পূর্বক জাতীয় রাজস্ব বোর্ডকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৪/১১/১৯
মোঃ তারেক হাসান
দ্বিতীয় সচিব (মূসক আইন ও বিধি)

**প্রাপকঃ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)**

১-১২। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ ঢাকা (দক্ষিণ)/ ঢাকা (পূর্ব)/ ঢাকা(পশ্চিম)/ চট্টগ্রাম/কুমিল্লা/খুলনা/যশোর/রাজশাহী/রংপুর/সিলেট/বৃহৎ করদাতা ইউনিট (মূসক), ঢাকা।

১৩-১৬। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও মূসক (আপীল) কমিশনারেট, ঢাকা-১/ ঢাকা-২/ চট্টগ্রাম/ খুলনা।

১৭। মহাপরিচালক, মূসক নিরীক্ষা গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ১২৭ বড়মগবাজার, ঢাকা।

১৮। মহাপরিচালক, শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, চিটাগাং সমিতি ভবন, তোপখানা রোড, ঢাকা।